

■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ২৭৫৬

২৬/ ফায়ায়েল

পরিচ্ছেদঃ মহানবী (ﷺ) এর বিনয়

আরবী

كَانَ فِي بَعْضِ أَسْفَارِهِ فَأَمَرَ بِإِصْلَاحٍ شَاءَ فَقَالَ رَجُلٌ : عَلَىٰ ذَبْحِهَا، وَقَالَ آخَرُ : عَلَىٰ سَلْخِهَا، وَقَالَ آخَرُ عَلَىٰ طَبْخِهَا، فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : (وَعَلَىٰ جَمْعِ الْحَطَبِ) فَقَالُوا : نَحْنُ نَكْفِيكَ فَقَالَ : (قَدْ عَلِمْتُ أَنَّكُمْ تَكْفُونِي وَلَكِنِي أَكْرَهُ أَنْ أَتَمَيِّزَ عَلَيْكُمْ، فَإِنَّ اللَّهَ يَكْرَهُ مِنْ عَبْدِهِ أَنْ يَرَاهُ مُتَمَيِّزًا بَيْنَ أَصْحَابِهِ) وَقَامَ وَجَمَعَ الْحَطَبَ

বাংলা

(২৭৫৬) একদা এক সফরে একটি ছাগল পাকাবার কথা হল। এক সাহাবী বললেন, 'ওটা যবেহ করার দায়িত্ব আমার।'

অন্য একজন বললেন, 'ওর চামড়া ছাড়ানোর দায়িত্ব আমার।'

অন্য একজন বললেন, 'ওটা রান্না করার দায়িত্ব আমার।'

তাঁদের আমীর মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'জ্বালানি সংগ্রহ করার দায়িত্ব আমার।'

তাঁরা বললেন, 'আমরাই যথেষ্ট। (আপনার কষ্ট করার প্রয়োজন নেই।)'

তিনি বললেন, 'আমি জানি, তোমরাই যথেষ্ট। কিন্তু আমি অপছন্দ করি যে, তোমাদের মাঝে পৃথক বৈশিষ্ট্য রাখি। যেহেতু আল্লাহ তার বান্দার জন্য এটা অপছন্দ করেন যে, তিনি তাকে তার সঙ্গীদের মাঝে পৃথক বৈশিষ্ট্যবান দেখেন।'

সুতরাং তিনি উঠে জ্বালানি কাঠ সংগ্রহ করতে লাগলেন।

ফুটনোট

(আর রাহীকুল মাখতূম ৪৭৮-পঃ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=66504>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন